**বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ**
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

সার্কুলার পত্র নং- ৩৭

তারিখ: ২০ আশ্বিন ১৪২৭
০৫ অক্টোবর ২০২০

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস ।

প্রিয় মহোদয়,

শতভাগ রপ্তানিমুখী তৈরী পোশাক শিল্পের বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানের লিয়েন ব্যাংকে যে সকল এলসি নগদায়ন করা হবে তা থেকে মোট রপ্তানি মূল্যের ০.০৩% অর্থ লিয়েন ব্যাংক কর্তৃক কর্তনপূর্বক সোনালী ব্যাংক লিঃ, রমনা কর্পোরেট শাখা, ঢাকায় "Central Fund (RMG Sector)" নামীয় এসএনডি হিসাবে স্থানান্তর প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে অত্র বিভাগের ১২ জুন ২০১৬ তারিখে জারিকৃত সার্কুলার পত্র নং এফইপিডি(রপ্তানি নীতি)২২০/২০১৬-১৮ এবং এতদ্বিষয়ে পরবর্তীতে ২৮ আগস্ট ২০১৬ তারিখে জারিকৃত পত্র নং এফইপিডি(রপ্তানি নীতি)২২০/২০১৬-৭৩৭৪, ২৭ ডিসেম্বর ২০১৬ তারিখে জারিকৃত সার্কুলার পত্র নং এফইপিডি(রপ্তানি নীতি)২২০/২০১৬-৩৩ ও ২৯ মে ২০১৮ তারিখে জারিকৃত পত্র নং এফইপিডি(রপ্তানি নীতি)২২০/২০১৮-৪৯৪৮ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের নির্দেশনার সূত্রে জারিকৃত উল্লিখিত নির্দেশনায় শতভাগ রপ্তানিমুখী তৈরী পোশাক শিল্প প্রতিষ্ঠানের প্রতিটি কার্যাদেশের বিপরীতে প্রাপ্ত এবং নগদায়নকৃত রপ্তানি মূল্যের ০.০৩% হারে অর্থ কর্তন করতঃ সোনালী ব্যাংক লিমিটেড, রমনা কর্পোরেট শাখা, ঢাকায় "Central Fund (RMG Sector)" শিরোনামে এসএনডি হিসাবের অনুকূলে স্থানান্তর করা এবং সোনালী ব্যাংক হিসাবে স্থানান্তরিত অর্থ সম্পর্কিত তথ্য সচিব, কেন্দ্রীয় তহবিল পরিচালনা বোর্ডকে অবগত করার জন্য বলা হয়। কিন্তু উক্ত নির্দেশনার আলোকে কিছু কিছু ব্যাংক রপ্তানি মূল্য থেকে নির্ধারিত পরিমাণ অর্থ কর্তন করছে না মর্মে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের ২৪ আগস্ট ২০২০ তারিখের ডিও পত্র নং ৪০.০৬.০০০০.০০৬.০৯.০০১.২০-৯০ (কপি সংযুক্ত) এর মাধ্যমে জানানো হয়েছে।

বর্ণিত প্রেক্ষাপটে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের ডিও পত্রের চাহিদা অনুযায়ী রপ্তানি মূল্যের ০.০৩% অর্থ কর্তনপূর্বক জমাদানকারী প্রতিষ্ঠানের নামসহ কেন্দ্রীয় তহবিল এর 'সিআরএমজি সেক্টর' শীর্ষক হিসাব (সংশোধিত হিসাব নং-৪৪২৬৩৩৬০০১০১৮)-এ জমা করে জমাকৃত অর্থের প্রতিবেদন কেন্দ্রীয় তহবিল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ভবন নং-০৬, ২১ তম তলা, বাংলাদেশ সচিবালয়, ঢাকায় প্রেরণের জন্য আপনাদের নির্দেশনা দেয়া যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

সংযোজনী: বর্ণনা মোতাবেক

(মোহাম্মদ খুরশীদ ওয়াহাব)
মহাব্যবস্থাপক
ফোন: ৯৫৩০১২৩

**সচিব**
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ডিও পত্র নং-৪০.০৬.০০০০.০০৬.০৯.০০১.২০-৯০

তারিখঃ ২৪ আগস্ট ২০২০ খ্রিঃ

শ্রদ্ধেয় মহোদয়,

সালাম নিবেন। আপনি নিশ্চয় অবগত আছেন যে, বাংলাদেশ শ্রম আইন ২০০৬ এবং শ্রম বিধিমালা ২০১৫ অনুযায়ী শতভাগ রপ্তানীমুখী সকল শিল্প প্রতিষ্ঠানের প্রতিটি এলসি নগদায়নের সময় রপ্তানী মূল্যের ০.০৩% অর্থ সংশ্লিষ্ট ব্যাংকগুলো কর্তন পূর্বক শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন কেন্দ্রীয় তহবিলের 'সিআরএমজি সেক্টর' নামক হিসাব (হিসাব নং- ০৪৪২৬৩৬০০১০১০১৮), সোনালী ব্যাংক লিঃ, রমনা কর্পোরেট শাখা, ঢাকায় জমা করার বিধান রয়েছে। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় থেকে বাংলাদেশ ব্যাংকে প্রেরিত ডিও লেটার-এর প্রেক্ষিতে বাংলাদেশ ব্যাংক ইতোমধ্যে সকল ব্যাংকে পত্রের মাধ্যমে বিষয়টি অবগত করেছে (কপি সংযুক্ত)। বাংলাদেশ ব্যাংক-এর পত্রের প্রেক্ষিতে অধিকাংশ ব্যাংকই নির্দেশনাটি সুষ্ঠুভাবে পালন করতঃ কেন্দ্রীয় তহবিলে তাদের রপ্তানীমূল্যের ০.০৩% অর্থ জমা করছে। কিন্তু শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি কর্তৃক গঠিত ১ নং সাব কমিটির সুপারিশ মোতাবেক জানা যায়, কিছু কিছু ব্যাংক রপ্তানীমূল্য থেকে নির্ধারিত পরিমান অর্থ কর্তন করছে না। ফলে কেন্দ্রীয় তহবিল-এ প্রত্যাশার তুলনায় অনেক কম অর্থ জমা পড়ছে।

শতভাগ রপ্তানীমুখী শিল্প কারখানায় কর্মরত কোন শ্রমিক কর্মক্ষেত্রে দুর্ঘটনাজনিত কারণে অথবা পেশাগত দায়িত্ব পালন কালে রোগে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করলে অথবা পরবর্তীতে মৃত্যু ঘটলে অথবা কর্মক্ষেত্রে দুর্ঘটনাজনিত কারণে অথবা পেশাগত দায়িত্বরত অবস্থায় রোগে আক্রান্ত হয়ে স্থায়ী অক্ষমতা ঘটলে সংশ্লিষ্ট শ্রমিক বা তার উপযুক্ত উত্তরাধিকারীকে তিন লক্ষ টাকা অনুদান প্রদান করা হয়। তাছাড়া, কোন শ্রমিক চাকরিরত অবস্থায় অসুস্থ হয়ে বা কর্মক্ষেত্রের বাহিরে কোন দুর্ঘটনায় মৃত্যুবরণ অথবা স্থায়ীভাবে অক্ষম হয়ে গেলে তিনি বা তার উপযুক্ত উত্তরাধিকারীকে দুই লক্ষ টাকা; কোন শ্রমিক কর্মকালীন দুর্ঘটনায় পতিত হয়ে তার কোন অঙ্গহানি ঘটলে যা স্থায়ী অক্ষমতার কারণ নয় তাহলে তাকে অনধিক এক লক্ষ টাকা; শ্রমিকের মেধাবী সন্তানের শিক্ষার ক্ষেত্রে (এসএসসিতে জিপিএ-৪.৫ বা তদূর্ধ্ব প্রাপ্ত) ২০,০০০/- (বিশ হাজার) টাকা শিক্ষা বৃত্তি প্রদানসহ শতভাগ রপ্তানীমুখী শিল্প খাতে কর্মরত মহিলা শ্রমিকের মাতৃত্ব কল্যাণে অনধিক ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা আর্থিক অনুদান প্রদান করা হয়।

এমতাবস্থায়, ব্যাংকসমূহকে রপ্তানী মূল্যের ০.০৩% অর্থ কর্তনপূর্বক জামদানকারী প্রতিষ্ঠানের নামসহ কেন্দ্রীয় তহবিল এর ' সি আরএমজি সেক্টর' শীর্ষক হিসাব (হিসাব নং-০৪৪২৬৩৩৬০০১০১৮)-এ জমা করে জমাকৃত অর্থের প্রতিবেদন অত্র দপ্তরে **(কেন্দ্রীয় তহবিল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ভবন নং-০৬, ২১ তম তলা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)** প্রেরণের নির্দেশনাসহ পুনরায় পত্র জারী করার জন্য সবিনয় অনুরোধ করছি।

শুভেচ্ছান্তে

২৪/০৮/২০২০

(কে, এম, আব্দুস সালাম)

জনাব ফজলে কবির
গভর্ণর
বাংলাদেশ ব্যাংক, ঢাকা।